

বনিব-বার্তা

বেজি, নং : ফিল ৭৯০১৮ = সর্ব ০১, সহবা ১০৬

www.bonikbarta.com | সম্পত্তির সহবা ক্লাব

বণিব বার্তা, ০৫-০২-২০২২, পৃষ্ঠা- ০৮



ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে নবীনবরণ অনুষ্ঠিত

ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ২০২২ সালের বসন্তকালীন সেমিস্টারের শিক্ষার্থীদের নবীনবরণ সম্প্রতি অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রধান উপনেষ্ঠা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। এতে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এমএম শহিদুল হাসান এবং স্বাগত বক্তব্য রাখেন উপউপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ জিয়াউল হক মামুন। এ সেমিস্টারে স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণীতে প্রায় ১ হাজার ৭৫০ শিক্ষার্থীকে বরণ করা হয়েছে। অনুষ্ঠানে নবীনদের বরণ করে নেয়ার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের নিয়মকানুন, শিক্ষা কার্যক্রম, সুযোগ-সুবিধা সম্পর্কে ধারণা দেয়া হয়। সেই সঙ্গে শিক্ষা কার্যক্রমে সংশ্লিষ্ট শিক্ষক ও কর্মকর্তাদেরও পরিচয় করিয়ে দেয়া হয়।